কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১৩.২১.৩৮২

তারিখ : ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ / ০৫ জুন ২০২২

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০২১-২২ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে উফশী আমন ধান আবাদ বৃদ্ধির নিমিত্ত বিএডিসির অনুকূলে বীজ সহায়তা প্রদান বাবদ মোট ৯৯৭.৪৩ লক্ষ (নয় কোটি সাতানব্বই লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা ছাড়ে সরকারি মঞ্জুরি আদেশ।

মহোদয়,

২০২১-২২ অর্থ বছরে খরিপ-২ মৌসুম বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)'র উফশী আমন ধান বীজ বিক্রয়ে সহায়তা প্রদানের নিমিত্ত ২০২১-২২ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের অন্তর্ভুক্ত '৩২৫১১০৯- বীজ ও চারা' খাতে বরাদ্দকৃত ২৫০০০.০০ লক্ষ (দুইশত পঞ্চাশ কোটি) টাকা হতে ৯৯৭.৪৩ লক্ষ (নয় কোটি সাতানব্বই লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা ২ নং অনুচ্ছেদে বর্ণিত বিভাজনের আলোকে ব্যয় করার জন্য চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর অনুকূলে এতদ্বারা ছাড়ের জন্য মঞ্জুরি জ্ঞাপন করছি। চেয়ারম্যান, বিএডিসি এ মন্ত্রণালয়ের প্রতিস্বাক্ষরিত বিলের মাধ্যমে ছাড়কৃত এ অর্থ উত্তোলন করতে পারবেন এবং এ অর্থ ব্যয়ে এতদসঙ্গে সংযুক্ত 'কৃষকের মাঝে বীজ সহায়তা প্রদান প্রদ্ধতি' ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধিবিধান এবং ৩ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করবেন।

০২। ২০২১-২২ অর্থ বছরে খরিপ-২ মৌসুমের জন্য বিএডিসির নিকট উফশী আমন ধান বীজের মজুদের বীজের পরিমাণ কেজি প্রতি বীজ সহায়তা এবং বীজ সহায়তার জন্য প্রয়োজনীয় টাকার পরিমাণ নিম্নরূপ:

| ক্র: নং | বীজের শ্রেণি | ২০২১-২২ বিতরণ বর্ষের মজুদ বীজের পরিমাণ (মে: টন) | কেজি প্রতি বীজসহায়তা (টাকা) | বীজ সহায়তার জন্য প্রয়োজনীয় টাকার পরিমাণ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ভিত্তি | ৪৮৩৪.২১ | ৪.০০ | ১৯৩.৩৬৮৪ |
| ২ | প্রত্যায়িত | ১৯৬২৬.৫৬ | ৪.০০ | ৭৮৫.০৬২৪ |
| ৩ | মানঘোষিত | ৪৭৪.৯৮ | ৪.০০ | ১৮.৯৯৯২ |
| | সর্বমোট | ২৪৯৩৫.৭৫ | ৪.০০ | ৯৯৭.৪৩০০ |

০৩। **২০২১-২২ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে উফশী আমন ধান আবাদ বৃদ্ধির নিমিত্ত 'কৃষকের মাঝে বীজ সহায়তা প্রদান প্রদ্ধতি'** এতদ্ সঙ্গে সংযুক্ত করা হলো।

০৪| **শর্তাবলী:**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে ;

২. উফশী আমন ধানবীজে বীজ সহায়তা ঘোষণার পূর্বেই বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) আমন ধানের জাতভিত্তিক বিক্রয়দর ঘোষণা করবে এবং উপজেলাওয়ারি বরাদ্দ বিভাজন করবে;

৩. উপজেলাওয়ারি বরাদ্দ মোতাবেক বীজ ডিলারগণ নির্দিষ্ট সময়ের মধ্যে বিএডিসি থেকে সহায়তা মূল্যে বীজ উত্তোলন করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির নিকট বীজের জাত ও পরিমাণ উল্লেখ করে ২৪ ঘন্টার মধ্যে অ্যারাইভাল রিপোর্ট প্রদান করবে;

৪. বিএডিসির জেলা ও উপজেলা বীজ বিক্রয় কেন্দ্র হতেও বীজ সহায়তা কার্যক্রমের আওতায় নির্দিষ্ট পরিমাণ বীজ নির্ধারিত মূল্যে বিক্রয় করা যাবে;

৫. উপজেলা কৃষি কর্মকর্তা সংশ্লিষ্ট উপজেলার কৃষকদের একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদন নিয়ে সংশ্লিষ্ট বীজ ডিলার, বিএডিসি কর্তৃপক্ষ এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন;

৬. ডিলারগণ ক্যাশ মেমোর মাধ্যমে বীজ বিক্রয় করবেন;

৭. ডিলারগণ বীজ সহায়তা প্রদানের জন্য নির্ধারিত মূল্যে উফশী আমন ধানের বীজ ক্রয়কারী কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও এনআইডি (যদি থাকে) বীজ বিক্রয় রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন;

৮. জমির মালিকানা (বর্গা/লীজসহ) বিবেচনাপূর্বক কৃষকের নিকট বীজ বিক্রয় করতে হবে। এক্ষেত্রে একজন কৃষকের নিকট সর্বোচ্চ ১০০ কেজি বীজ বিক্রয় করা যাবে। তবে তালিকাভূক্ত কৃষকদের নিকট বীজ বিক্রয়ের পর অবশিষ্ট থাকলে তা তালিকা বহির্ভূত প্রকৃত কৃষকদের নিকট এ পদ্ধতির ৭ নং ধারা অনুযায়ী বিক্রয় করা যাবে;

৯. বীজ ডিলারের বিক্রয়কেন্দ্র সংশ্লিষ্ট উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্যগণ এবং বিএডিসি কর্তৃপক্ষ তদারকি করবেন;

১০. বীজ ডিলারগণ বীজ সহায়তা বাবদ নির্ধারিত মূল্যে আমন ধানের বীজ ক্রয়কারী কৃষকদের তালিকা সংরক্ষণ করবেন এবং চূড়ান্ত একটি তালিকা উপজেলা কৃষি কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিএডিসি কর্তৃপক্ষ বরাবর জমা প্রদান করবেন;

১১. বিএডিসির জেলা কার্যালয় হতে প্রতি মাসের ১ম সপ্তাহে পূর্ববর্তী মাসের বীজ বিক্রয় অগ্রগতির প্রতিবেদন বিএডিসি'র প্রধান কার্যালয়, উপজেলা কৃষি অফিস এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যালয়ে প্রেরণ করবেন;

১২. ৩০ জুন/২০২২ সালের মধ্যে বীজ সহায়তা প্রদানের জন্য নির্ধারিত মূল্যে আমন ধান বীজ বিক্রয় কার্যক্রম নিশ্চিত করতে হবে;

১৩. বীজ সহায়তা প্রদান র্কাযক্রমে কোন অনিয়ম পরিলক্ষিত হলে জেলা/উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

১৪. চেয়ারম্যান, বিএডিসি বীজ সহায়তা প্রদানের নির্ধারিত মুল্যে বিক্রিত বীজের চুড়ান্ত প্রতিবেদন ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

১৫. বীজ সহায়তা বাবদ প্রদত্ত হতে বীজের কোন অংশ অবশিষ্ট/অবিক্রিত থাকলে অবশিষ্ট/অবিক্রিত বীজের মূল্যের মধ্যে সরকার কর্তৃক সহায়তা প্রদানকৃত অর্থের অতিরিক্ত টাকা বিএডিসি কর্তৃপক্ষ সরকারি কোষাগারে ৩০ জুন ২০২২এর মধ্যে ফেরত প্রদান করে কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগকে অবহিত করতে হবে;

১৬. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১৭. অগ্রিম উত্তোলিত সমুদয় অর্থ আমন বীজ বপণ কার্যক্রম শেষ হওয়ার ১০ দিনের মধ্যে সমন্বয় করতে হবে। তবে সমন্বয় প্রক্রিয়া কোনক্রমেই ৩০ জুন ২০২২ এর পরে করা যাবে না। সমন্বয় বিবরণী ও প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে আবশ্যিকভাবে ৩০ জুন ২০২২ এর মধ্যে প্রেরণ করতে হবে।

আপনার বিশ্বস্ত,

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪
Email: moa.input2@gmail.com

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১৩.২১.৩৮২

তারিখ : ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ / ০৫ জুন ২০২২

আদেশের ০৩ (তিন) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলো।

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪

নং-

তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

হোসেন আহমেদ
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১৩.২১.৩৮২

তারিখ : ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ / ০৫ মে ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বান্দরবান/রাঙ্গামাটি/ খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬৪টি জেলা)।
৯. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬৪ টি জেলা)।
১৩. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৪. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৫. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫/০৬/২০২২

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪
Email: moa.input2@gmail.com
input2@moa.gov.bd